**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 30-08-2026**
**Time: 07:52PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, দেশজুড়ে 'নেশামুক্ত যুব ফর বিকশিত ভারত' অভিযান দ্রুত এগিয়ে চলছে।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, কর্মসংস্থান সৃষ্টি ও মহিলা ক্ষমতায়নের লক্ষ্যে সরকার কাজ করে চলেছে।**

**(৩) তাসখন্দে উজবেকিস্তানের সর্বোচ্চ রাষ্ট্রীয় পুরস্কারে ভূষিত প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।**

**(৪) রাজ্যভিত্তিক সিনিয়র প্লেট ক্রিকেটে ধর্মনগর, কমলপুরকে পরাজিত করেছে।**

*****************************

**PM-Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, দেশজুড়ে 'নেশামুক্ত যুব ফর বিকশিত ভারত' অভিযান দ্রুত এগিয়ে চলছে। আজ আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে শ্রী মোদী বলেন মাদকমুক্ত যুবসমাজ ও মাদকমুক্ত ভারতের লক্ষ্যে পরিচালিত এই অভিযান কেবল একটি আনুষ্ঠানিকতা নয়, কারণ বহু মানুষ, বিশেষ করে যুবসমাজ বিপুল সংখ্যায় এতে যোগ দিচ্ছেন। ভারতের যুবসমাজের স্বাস্থ্য, সুখ এবং উজ্জ্বল ভবিষ্যতের জন্য এটি একটি সম্মিলিত সংকল্প। শ্রী মোদী জনগণকে মাদকমুক্ত ভারতের জন্য একটি শক্তিশালী স্লোগান তৈরি করতে এবং তরুণ সঙ্গীতশিল্পীদের মাদকমুক্ত জীবনের বার্তা নিয়ে গান রচনা করার আহবান জানান।

##### Byte-1 #####

প্রধানমন্ত্রী বলেছেন, ‘পিএম স্বনিধি যোজনার মাধ্যমে লক্ষ লক্ষ নারী এই যোজনার সুবিধাভোগীদের মধ্যে প্রায় ৪৬ শতাংশই নারী। দেশজুড়ে প্রায় ৩৫ লক্ষ নারী এই প্রকল্পের সঙ্গে যুক্ত হয়ে নিজেদের ব্যবসা প্রসারিত করছেন।

##### Byte-2 #####

আগামী দিনগুলিতে ভারত জন্মাষ্টমী ও বিশ্বকর্মা পূজার মতো আরও কয়েকটি গুরুত্বপূর্ণ উৎসব উদযাপন করতে চলেছে। কয়েক মাসের মধ্যেই দীপাবলিও আসছে এবং তার প্রস্তুতি ইতিমধ্যেই ধীরে ধীরে শুরু হয়ে গেছে। এই উৎসবের মরসুমে প্রধানমন্ত্রী জনগণকে 'ভোকাল ফর লোকাল' এর পক্ষে সোচ্চার হওয়ার আহ্বান জানান। তিনি বলেন, ভারতে তৈরি পণ্যে গর্ববোধ করার মাধ্যমেই ভারতের আত্মনির্ভরশীলতার পথ প্রশস্ত হবে।

********************************

**CM-Offer Distribution :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলছেন কর্মসংস্থান সৃষ্টি ও মহিলা ক্ষমতায়নের উপর বিশেষ গুরুত্ব দিয়ে স্বনির্ভর ও উন্নত ত্রিপুরা গড়ার লক্ষ্যে সরকার কাজ করে চলেছে। আজ আগরতলার মুক্তধারা প্রেক্ষাগৃহে অফার লেটার বিতরণ ও মহিলাদের সেলাই মেশিন প্রদান অনুষ্ঠানে তিনি একথা বলেন। অনুষ্ঠানে অগ্নি নির্বাপক দপ্তরের ড্রাইভার পদে ১৬ জনের হাতে নিয়োগ পত্র এবং ১৮০ জন মহিলা সুবিধাভোগীর হাতে সেলাই মেশিন তুলে দেন মুখ্যমন্ত্রী। অনুষ্ঠান থেকে ভার্চুয়াল মাধ্যমে সাব্রুমের মনুবনকুলে নবনির্মিত ৫২তম ফায়ার স্টেশনেরও উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মন্ত্রী সান্ত্বনা চাকমা, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, সচিব কিরণ গিত্যে প্রমুখ।

********************************

**Sundays On Cycle :**

কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী ড. মনসুখ মান্ডব্য আজ দিল্লিতে 'ফিট ইন্ডিয়া সানডেজ অন সাইকেল' এর ৮৮তম সংস্করণে অংশ নেন। 'জাতীয়

ক্রীড়া দিবস' উপলক্ষে জওহরলাল নেহরু স্টেডিয়ামে ব্রিকস-এর সহযোগিতায় আয়োজিত অনুষ্ঠানে অংশ নিয়ে সাইকেল চালানোর গুরুত্ব তুলে ধরে ড. মান্ডব্য বলেন, এটি শরীরচর্চার একটি অন্যতম মাধ্যম, দূষণমুক্ত পরিবেশ বজায় রাখা এবং যানজট সমস্যার একটি কার্যকরী সমাধান।

******************************

**Fit India Sundays on Cycle :**

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে আজ উজ্জয়ন্ত প্রাসাদ প্রাঙ্গন থেকে ফিট ইন্ডিয়া সানডেজ অন সাইকেল রেলী অনুষ্ঠিত হয়। রেলীর সূচনা করে ক্রীড়ামন্ত্রী টিংকু রায় যুবকদের সুস্থ ও সবল থাকতে প্রতিদিন অন্তত এক ঘন্টা খেলাধুলা ও শরীর চর্চা করার আহ্বান জানান।

*******************************

**India-Uzbekistan :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে আজ তাসখন্দে রাষ্ট্রপতি শাভকাত মিরজিওয়েভ উজবেকিস্তানের সর্বোচ্চ রাষ্ট্রীয় পুরস্কার, অর্ডার অফ অলি দারাজালি দুস্তলিক দিয়ে ভূষিত করেছেন। প্রধানমন্ত্রী মোদী এই পুরস্কারটি ভারত ও উজবেকিস্তানের মধ্যকার অটুট সম্পর্কের প্রতি উৎসর্গ করেছেন। দু'দেশের মধ্যে বিভিন্ন বিষয়ে MOU স্বাক্ষরিত হয়। উভয় দেশ ২০৩০ সালের মধ্যে ৫ বিলিয়ন ডলারের দ্বিপাক্ষিক বাণিজ্যের লক্ষ্যমাত্রা নির্ধারণে সম্মত হয়েছে, যা বর্তমান বাণিজ্যের পাঁচগুণ।

********************************

**Legal Services Camp :**

জাতীয় আইনসেবা কর্তৃপক্ষের তত্ত্বাবধানে এবং জেলা আইনসেবা কর্তৃপক্ষের উদ্যোগে আজ সিপাহীজলা জেলার নলছড়ে অনুষ্ঠিত হয়েছে আইনি পরিষেবা শিবির। নিম্ন আদালত থেকে সুপ্রিমকোর্ট পর্যন্ত বিভিন্ন পর্যায়ে মামলার

ধরণ এবং আইনসেবা কর্তৃপক্ষের মাধ্যমে আইনি সুযোগ-সুবিধা পাওয়ার বিভিন্ন দিক তুলে ধরেন জেলা ও দায়রা বিচারপতি সঞ্জয় ভট্টাচার্য।

****************************

**Biplab Kumar Deb :**

আগরতলার রবীন্দ্রশতবার্ষিকী ভবনে আজ বিজেপির নবনিযুক্ত সর্বভারতীয় সাধারণ সম্পাদক বিপ্লব কুমার দেবকে সম্বর্ধনা জানিয়েছে প্রদেশ বিজেপি। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, সাংসদ রাজীব ভট্টাচার্য, প্রদেশ বিজেপি সভাপতি অভিষেক দেবরায় সহ মন্ত্রীসভার সদস্যরা। এর আগে আগরতলা এমবিবি বিমানবন্দরে বিপ্লব কুমার দেবকে স্বাগত জানান দলীয় কর্মকর্তারা।

****************************

**Cricket :**

রাজ্যভিত্তিক সিনিয়র প্লেট ক্রিকেটে ধর্মনগর কমলপুরকে ১৩১ রানে পরাজিত করেছে। আজ টিআইটি মাঠে আয়োজিত ফাইনাল ম্যাচে ধর্মনগর প্রথমে ব্যাট করতে নেমে সব উইকেট হারিয়ে ২১৩ রান তুলে। জবাবে কমলপুর ৭৪ রান তুলতে সক্ষম হয়।

****************************

**Duleep Trophy :**

দলীপ ট্রফি ক্রিকেটের সেমিফাইনালে আজ পূর্বাঞ্চলের বিরুদ্ধে সেন্ট্রাল জোন প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ২৬৬ রান তোলে। পূর্বাঞ্চলের হয়ে ত্রিপুরার পেসার অভিজিৎ সরকার ৩৮ রান দিয়ে তিন উইকেট পেয়েছেন।

**********************************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় উত্তর জেলা, ধলাই, গোমতী, দক্ষিণ ও সিপাহীজলা জেলায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫.৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.২ ডিগ্রী সেলসিয়াস।

**********************************************